

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৩৪২৩

পর্ব-১৫: কসম ও মানৎ (کتاب الأيمان والندور)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ

اَلْفَصْلُ الثَّانِيْ

আরবী

وَعَن أَبِي هُرَيْرَة قَالَ: كَانَتْ يَمِينُ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِذَا حَلَفَ: «لَا وَأَسْتَغْفِرُ اللَّهَ» . رَوَاهُ أَبُو دَاوُد وَابْن مَاجَه

বাংলা

৩৪২৩-[১৮] আবৃ হুরায়রাহ্ (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম কোনো শপথ করলে বলতেন, 'লা- ওয়া আসতাগফিরুল্লা-হ' অর্থাৎ- এটা নয়, এবং আমি আল্লাহ তা'আলার নিকট ক্ষমা প্রার্থনা করছি। (আবৃ দাউদ ও ইবনু মাজাহ)[1]

ফুটনোট

[1] য'ঈফ: আবূ দাউদ ৩২৬৫, ইবনু মাজাহ ২০৯৩। কারণ এর সনদে হিলাল বিন আবী হিলাল আল মাদানী একজন মাসতুর রাবী। তাকে ইবনু হিব্বান ব্যতীত অন্য কেউ বিশ্বস্ত বলেননি।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (وَأَسْتَغُفِرُ اللّه) "আর আমি আল্লাহর নিকট ক্ষমা চাচ্ছি" যদি বিষয়টি এটার বিপরীত হয় "আস্থাগফিরুল্লাহ" বাক্যটি শপথ বাক্য নয়। অতএব তার দ্বারা কসম হয় না শুধুমাত্র কসমের সাথে সাদৃশ্যের কারণে এ ধরনের উক্তিকে কসম বলে উল্লেখ করা হয়েছে। ('আওনুল মা'বূদ ৬৯ খন্ড, হাঃ ৩২৬২)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন